



বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী


পুরাতন ৮৬ বিজয়নগর, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ডা: মো: ফাহিম উদ্দিন, গ্রাম: গোবিন্দপুর, পো: খালপাড়, উপজেলা: নবাবগঞ্জ, জেলা: ঢাকা। উক্ত চিকিৎসক উপজেলা: কোটচাঁদপুর, জেলা: ঝিনাইদহ, কোটচাঁদপুর নার্সিং হোম এ প্রসূতি মিসেস মিতা রহমান এর সিজার অপারেশন করার পর প্রসূতি মায়ের মৃত্যু হয়। অপারেশনে গাইনী অবস্ বিষয়ে কোন উচ্চতর ডিগ্রী বা প্রশিক্ষণ না থাকা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে সিজারিয়ান সেকশন পরিচালনা করিয়াছেন এবং অপারেশন টেবিলে রোগীর খিচুনী ও রক্তচাপ ছিল। জটিল রোগী অপারেশনের পূর্বে কোন পরীক্ষা নিরীক্ষা ছাড়াই, কোন Anesthesiologist এবং অপারেশন চলাকালে কক্ষে চিকিৎসা সহকারী না রেখে রোগীর অপারেশন করিয়াছেন। ডা: মো: ফাহিম উদ্দিন প্রসূতির চিকিৎসা পরবর্তী ডা: মো: ফরিদ মিয়া, পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা অত্র কাউন্সিলে তদন্ত পূর্বক একটি প্রতিবেদন প্রেরণ করিয়াছেন। কাউন্সিল উক্ত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে উপনীত হয় যে, চিকিৎসা কার্যে চিকিৎসকের যথেষ্ট গাফিলতি ছিল তাহা প্রমানিত হইয়াছে। এমতাবস্থায় বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০(৬১ নং আইন) এর ২৩(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বিএমএন্ডডিসি হইতে প্রদত্ত আপনার রেজিস্ট্রেশন (A-35125, Date of Registration: 14.06.2003) ১ (এক) বৎসরের জন্য স্থগিত করা হইল। অত্র স্থগিত আদেশ ২১/০৯/২০২৩ইং তারিখ হইতে কার্যকর হইবে। উল্লিখিত সময়ে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (৬১ নং আইন) এর ধারা ২২(১) অনুযায়ী আপনার রেজিস্ট্রেশন স্থগিতকালীন সময়ে আপনি চিকিৎসক হিসাবে কোথাও কোন প্রকার চিকিৎসা সেবা প্রদান করিতে পারিবেন না। এমনকি উক্ত সময়ে আপনি নিজেকে চিকিৎসক হিসাবে পরিচয় দিতে পারিবেন না।



ডা: মো: ফাহিম উদ্দিন


20/09/2023

ডা: মো: লিয়াকত হোসেন
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল